

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮৬১

কাঞ্চনপুর, ২৮ নভেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
জয়মনিপাড়া ভিলেজে শিবির**

লালজুরি ব্লকের জয়মনিপাড়া ভিলেজে গতকাল বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে দু'দিনব্যাপী শিবিরের সূচনা হয়। ভিলেজ কার্যালয় মাঠে অনুষ্ঠিত এই শিবিরের উদ্বোধন করেন বিধায়ক ভগবানচন্দ্র দাস। উপস্থিত ছিলেন এমডিসি স্বপ্নারানী নাথ, লালজুরি বিএসি'র চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী, ভাইস চেয়ারম্যান পবিত্র রিয়াং, ব্লকের বিডিও সৌরভ আল আলম প্রমুখ। শিবির উপলক্ষে বিভিন্ন সরকারি দপ্তরের ও স্বসহায়ক দলগুলির প্রদর্শনী স্টল খোলা হয়। শিবিরে বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া হবে। শিবিরের প্রথম দিনে কাঞ্চনপুর মহকুমা প্রশাসন থেকে পিআরটিসি, এসটি, এসসি, ইনকাম ও বার্থ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়।
